

# বাংলাদেশ স্কাউটস

জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন  
৬০ আঙ্গুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ



# BANGLADESH SCOUTS

National Headquarters, National Scout Bhaban  
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh

পত্র নং- বাঃ স্কাঃ (সঃ উঃ স্বাস্থ্য) ৩০৮০(০৭)/২০২০

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৭

১২ জুন ২০২০

জনাব মো: সানোয়ার হোসেন

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

আগারগাঁও, ঢাকা।

**বিষয় :** বাংলাদেশ স্কাউটস এর সাংগীতিক বিশেষ আয়োজন “স্কাউট হেলথ টক” এ স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে উৎসাহিতকরণ সম্পর্কীয়।

মহোদয়,

আপনি অবগত আছেন যে, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া বৈশ্বিক মহামারী নডেল করোনা ভাইরাসের সংক্রমণ থেকে নিজেকে, পরিবার ও দেশবাসীকে সুরক্ষায় “ভয় নয়, প্রতিরোধে করবো জয়” এই থীমকে সামনে রেখে বাংলাদেশ স্কাউটস এর প্রায় ২০ লক্ষ সদস্যকে অনলাইনে যুক্ত করে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

করোনা ভাইরাসের প্রভাব চলাকালীন বাংলাদেশ স্কাউটস এর সাংগীতিক বিশেষ আয়োজন ফেসবুক লাইভ\_“স্কাউট হেলথ টক” কার্যক্রম গ্রহণ করেছে। প্রতি শুক্রবার বিকাল ৪:০০ টায় বিশেষজ্ঞ ডাক্তারদের উপস্থিতিতে করোনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে করনীয় এবং প্রশ্নোত্তরের মাধ্যমে বাংলাদেশ স্কাউটস এর ফেসবুক পেজে লাইভ পরামর্শ প্রদান করে থাকেন। এ পর্যন্ত ৭টি পর্ব সফলভাবে সম্পন্ন হয়েছে।

স্কাউট ও রোভার স্কাউটদের ঘরে বসে তাদের পিতা-মাতা/অভিভাবকদের নিয়ে যাতে “স্কাউট হেলথ টক” কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে সেজন্য <https://www.facebook.com/bdscouts> ফেসবুক পেজের মাধ্যমে তারা যুক্ত হতে পারে। করোনা ভাইরাস প্রতিরোধ ও সচেতনতামূলক সম্পর্কে যথাযথ বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ সরাসরি দেখে নিজেরা এবং পরিবারের সদস্যরা আরো সচেতন হওয়ার সুযোগ পাবে। স্কাউট ও রোভার স্কাউটদের অধিক হারে এ কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে স্কাউট ও রোভার স্কাউট লিডারদের উৎসাহিত করার লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের মাধ্যমে স্কাউট/রোভার স্কাউট লিডারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করি।

শ্রদ্ধাঙ্গে,

১২/০৬/২০  
(আরশাদুল মুকাদ্দেস)  
নির্বাহী পরিচালক  
বাংলাদেশ স্কাউটস

**বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ১। জনাব মোঃ জামাল উদ্দিন শিকদার, সমন্বয়কারী, ডিজাস্টার কো-অর্ডিনেশন সেল, বাংলাদেশ স্কাউটস;
- ২। পরিচালক (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস।

**সদয় জ্ঞাতার্থে :**

- ১। ড. মো: মোজাম্মেল হক খান, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্গীতি দমন কমিশন ও প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। জনাব মো: শাহ্ কামাল, সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস;
- ৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং সহ সভাপতি, বাংলাদেশ স্কাউটস।